# বিকেবি বুলেটিন



## ডিসেম্বর ২০২৪ প্রান্তিক



বাংলাদেশ কৃষি ব্যাংক
গণমানুষের ব্যাংক

প্রধান পৃষ্ঠপোষক ঃ

সঞ্চিয়া বিন্‌তে আলী
ব্যবস্থাপনা পরিচালক

সম্পাদকীয় প্যানেল ঃ

মোঃ নূরে আলম সিদ্দিকী
উপমহাব্যবস্থাপক

মোঃ এনামুল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক

মোঃ ইয়াহিয়া ভুঁইয়া
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

শারমীন জাহান
মুখ্য কর্মকর্তা

# সম্পাদকীয় বাণী

আবহমান বাংলার কৃষি ও কৃষকের অর্থ-সুহৃদ বাংলাদেশ কৃষি ব্যাংক স্বাধীনতা উত্তর বাংলাদেশে এর প্রতিষ্ঠালগ্ন থেকেই খাদ্য ঘাটতি হ্রাস ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে কৃষিঋণ বিতরণে অগ্রণী ভূমিকা পালন করে আসছে। দেশের মোট কৃষিঋণের উল্লেখযোগ্য অংশ বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক বিতরণ করা হয়। বিগত বছরগুলোতে বাংলাদেশ কৃষি ব্যাংকের কার্যপরিধির বহুমুখী সম্প্রসারণ ঘটেছে। দেশের কৃষি ব্যবস্থা 'জীবন নির্বাহী কৃষি' থেকে 'বাণিজ্যিক কৃষি' তে রূপান্তরিত হচ্ছে। সময়াবদ্ধ ঋণ সহায়তা প্রদান করে কৃষি উৎপাদন বৃদ্ধির মাধ্যমে কৃষি ও কৃষকের সার্বিক উন্নতি সাধন, এসএমই ও কুটির শিল্প এবং কৃষিভিত্তিক অন্যান্য শিল্পের উন্নয়নে কৃষি ব্যাংকের ভূমিকা অনন্য । সমৃদ্ধ সুন্দর আগামীর বাংলাদেশ বিনির্মাণে দেশ জনতার স্বপ্ন সারথী বাংলাদেশ কৃষি ব্যাংক ১০৩৮টি শাখা এবং ৪ টি উপশাখা নিয়ে সকল মানুষের দোরগোড়ায় আধুনিক ও ব্যয়সাশ্রয়ী ব্যাংকিং সেবা পৌঁছে দিচ্ছে।

কৃষি ব্যাংকের কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে বিভিন্ন ব্যবসায়িক লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সংক্রান্ত ত্রৈমাসিক বুলেটিন নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে। এই বুলেটিন পাঠে ব্যাংকের বিভিন্ন ব্যবসায়িক লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সম্পর্কে ধারণা পাওয়া যাবে। বুলেটিনটি প্রকাশের ব্যাপারে ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের আন্তরিকতা এবং উৎসাহের জন্য বিনীত কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। ব্যবস্থাপনা কমিটির সম্মানিত সদস্যগণ এবং সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি ।

পরিশেষে, বাংলাদেশ কৃষি ব্যাংকের অভিষ্ট লক্ষ্য অর্জনে এবং আগামী দিনের কর্মপরিকল্পনা প্রণয়নসহ অন্যান্য অর্থবহ কার্যক্রমে মুদ্রিত তথ্য ব্যবহৃত হলে বুলেটিনটি প্রণয়ন সার্থক হবে।

পাদটীকা ঃ

"ব্যাংকের ব্যবসায়িক খাতের অর্জনসমূহ সংকলনপূর্বক গবেষণা ও পরিসংখ্যান বিভাগ কর্তৃক ... প্রতি ত্রৈমাস অন্তে নিয়মিতভাবে এতদবিষয়ক বুলেটিন মুদ্রণপূর্বক সকল শাখা ও কার্যালয়ে বিতরণ নিশ্চিত করতে হবে" ... ।

বাংলাদেশ কৃষি ব্যাংকের নির্বাহী কমিটির ২৪-০৮-২০২২ তারিখে অনুষ্ঠিত ১২৭তম সভার বর্ণিত সিদ্ধান্ত মোতাবেক ব্যাংকের ২০২৪-২০২৫ অর্থবছরের বিভিন্ন ব্যবসায়িক লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন সংক্রান্ত তথ্য সংকলনপূর্বক ডিসেম্বর ২০২৪ ভিত্তিক ত্রৈমাসিক এই বুলেটিনটি প্রকাশ করা হলো। বুলেটিন প্রণয়নে তথ্য সরবরাহ করে সহযোগিতা করায় প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ, ঋণ আদায় বিভাগ, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ, ঋণ শ্রেণিবিন্যাস ও প্রজেক্ট মনিটরিং বিভাগ, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, জনসংযোগ ও প্রটোকল বিভাগ এবং ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগের প্রতি সম্পাদকীয় প্যানেলের পক্ষ হতে কৃতজ্ঞতা প্রকাশ করা হলো।

# বাংলাদেশ কৃষি ব্যাংকে নতুন অভিভাবক



বিশিষ্ট অর্থনীতিবিদ ড.মোহাম্মদ জাহিদ হোসাইন বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসেবে ২০ অক্টোবর ২০২৪ তারিখে যোগদান করেছেন। ইতোপূর্বে তিনি এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) এর সাউথ এশিয়া ডিপার্টমেন্ট এর প্রিন্সিপাল ইকোনমিস্ট হিসেবে দায়িত্ব পালন করেন। এডিবিতে দায়িত্ব পালনকালীন সময়ে তিনি এডিবি'র বাংলাদেশ প্রোগ্রামিং ও অর্থনৈতিক বিশ্লেষণধর্মী কার্যাবলী তদারকি করেন। এডিবি'র কনসালটেন্ট হিসেবে তিনি অর্থ মন্ত্রণালয়ের সামষ্টিক অর্থনীতি ও সেক্টর ইস্যু বিষয়ে ঊর্ধ্বতন নির্বাহীগণের উপদেষ্টা হিসেবে দীর্ঘদিন দায়িত্ব পালন করেন। জনাব জাহিদ ১৯৭৯ সালে বিসিএস কাস্টম্‌স ক্যাডারে যোগদানের মাধ্যমে কর্মজীবন শুরু করেন। তিনি মূল্য সংযোজন কর (ভ্যাট) এর নকশা প্রণয়ন, উন্নয়ন ও বাস্তবায়নের কাজে কেন্দ্রীয় ভূমিকা পালন করেন। সমন্বিত পরোক্ষ কর সংস্কারেও তিনি উল্লেখযোগ্য ভূমিকা রেখেছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে এমএ এবং ইউনিভার্সিটি অব ফিলিপিন্‌স থেকে অর্থনীতিতে এমএ ও পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি দেশ-বিদেশে অনুষ্ঠিত গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ ও সেমিনারে অংশগ্রহণ করেন। তিনি মৌলভীবাজার জেলার এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। পারিবারিক জীবনে তিনি দুই সন্তানের গর্বিত জনক।



বিশিষ্ট ব্যাংকার সঞ্চিয়া বিন্‌তে আলী বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি)-তে ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ২২ অক্টোবর ২০২৪ তারিখে যোগদান করেন। বিকেবিতে যোগদানের পূর্বে তিনি সোনালী ব্যাংক পিএলসি এর সিইও এবং ব্যবস্থাপনা পরিচালক (দায়িত্বে) হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ১৯৯৮ সালে রূপালী ব্যাংক পিএলসিতে সিনিয়র অফিসার হিসেবে যোগদানের মাধ্যমে ব্যাংকিং ক্যারিয়ার শুরু করেন। তাঁর বর্ণাঢ্য ব্যাংকিং জীবনে সোনালী ব্যাংক পিএলসি ও প্রবাসী কল্যাণ ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক এবং রূপালী ব্যাংক পিএলসি এর মহাব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করেন। সহকর্মীদের সাথে একত্রে কাজ করার অসাধারণ দক্ষতা রয়েছে তাঁর। তিনি ব্যাংকিং সেক্টরে অবদান রাখার জন্য নিজেকে প্রতিশ্রুতিশীল ব্যাংকার হিসেবে আত্মনিয়োগের মাধ্যমে কৌশলগত ব্যবস্থাপনা উৎকর্ষ প্রয়োগ করেন। ব্যাংকিং সেক্টরে তিনি CAMLCO ও CRO এবং হেড অব ক্রেডিট হিসেবে দায়িত্ব পালনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনে দক্ষতা, অভিজ্ঞতা ও যোগ্যতার স্বাক্ষর রেখেছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পদার্থ বিজ্ঞান বিষয়ে এমএসসি এবং এমবিএ ডিগ্রি অর্জন করেন। চাকুরি জীবনে তিনি দেশে বিদেশে অনুষ্ঠিত বিভিন্ন ট্রেনিং, সেমিনার ও সিম্পোজিয়ামে অংশগ্রহণ করেন।


# ২০২৪-২০২৫ অর্থ বছরের ব্যবসায়িক লক্ষ্যমাত্রার বিপরীতে ডিসেম্বর-২০২৪ ভিত্তিক অর্জন প্রতিবেদন

## ১) আমানত সংগ্রহ ঃ

ব্যাংকের আর্থিক সচ্ছলতা ও মজবুত তহবিল ভিত্তি গঠনের প্রধান অবলম্বনই হচ্ছে আমানত সংগ্রহ। ব্যাংকের বিনিয়োগ কার্যক্রমের স্বাভাবিক গতিধারা অব্যাহত রাখা এবং আমানতের ভিত্তি সুদৃঢ় করার জন্য আমানতের প্রবৃদ্ধি অর্জন অপরিহার্য। বাংলাদেশ কৃষি ব্যাংকের বিগত কয়েকটি ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা, অর্জন ও বিভিন্ন ত্রৈমাসিকের সাথে অর্জনের তুলনামূলক চিত্র নিম্নে উপস্থাপন করা হলো ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রমপুঞ্জিভূত অর্জন | ক্রমপুঞ্জিভূত অর্জনের হার |
|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ১০০০০ | ২৯৯.৩২ | ৭৯.১২ | ১% |
| জুন ২০২৩ | ১০০০০ | ২১১০.৪৯ | ২১৮৯.৬১ | ২২% |
| সেপ্টেম্বর ২০২৩ | ১২০০০ | ৮০৯.৪৩ | ৮০৯.৪৩ | ৭% |
| ডিসেম্বর ২০২৩ | ১২০০০ | ১৬৩৩.৩৩ | ২৪৪২.৭৬ | ২০% |
| মার্চ ২০২৪ | ১২০০০ | ১০৬.৭৪ | ২৫৪৯.৫০ | ২১% |
| জুন ২০২৪ | ১২০০০ | ২০৬৫.৫৮ | ৪৬১৫.০৮ | ৩৮% |
| সেপ্টেম্বর ২০২৪ | ১২০০০ | ৪৪৪.৮৬ | ৪৪৪.৮৬ | ৪% |
| ডিসেম্বর ২০২৪ | ১২০০০ | ১১৯৯.১০ | ১৬৪৩.৯৬ | ১৪% |





২০২৪-২০২৫ অর্থবছরের আমানত সংগ্রহের বার্ষিক লক্ষ্যমাত্রা ১২০০০ কোটি টাকার বিপরীতে ডিসেম্বর ২০২৪ ত্রৈমাসে ১১৯৯.১০ কোটি টাকা অর্জনসহ পুঞ্জিভূত অর্জন ১৬৪৩.৯৬ কোটি টাকা - যা বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে ১৪%। ডিসেম্বর ২০২৪ পর্যন্ত অর্জিত ১৬৪৩.৯৬ কোটি টাকার মধ্যে সঞ্চয়ী ও এসএনডি আমানত ৩৫১.৯২ কোটি টাকা, মেয়াদি আমানত ১৭৩২.৭৯ কোটি টাকা অর্জিত হয়েছে। উল্লেখ্য ডিসেম্বর ২০২৪ ভিত্তিক চলতি আমানত ১১৪.২০ কোটি টাকা এবং অন্যান্য আমানত ৩২৬.৫৫ কোটি টাকা হ্রাস পেয়েছে।

## ১.১) আমানত স্থিতি ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সেপ্টেম্বও ২০২৪ পুঞ্জিভুত অর্জন | ক্রমপুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ৪৮০০০ | ৩৮১২৭.২৩ | ৭৯% |
| জুন ২০২৩ | ৪৮০০০ | ৪০৫৭২.৯৩ | ৮৫% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৫২৫০০ | ৪১৩৮২.৩৬ | ৭৯% |
| ডিসেম্বর ২০২৩ | ৫২৫০০ | ৪২৭৬৯.৩৩ | ৮১% |
| মার্চ ২০২৪ | ৫২৫০০ | ৪২৮৮১.৫৫ | ৮২% |
| জুন ২০২৪ | ৫২৫০০ | ৪৫১৮৮.০২ | ৮৬% |
| সেপ্টেম্বর ২০২৪ | ৫৫০০০ | ৪৫৬৩২.৮৮ | ৮৩% |
| ডিসেম্বর ২০২৪ | ৫৫০০০ | ৪৬৮৩১.৯৮ | ৮৫.১৪% |





২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক আমানত স্থিতির লক্ষ্যমাত্রা ৫৫০০০ কোটি টাকার বিপরীতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত মোট অর্জন ৪৬৮৩১.৯৮ কোটি টাকা, যার মধ্যে উচ্চ সুদবাহী আমানতের পরিমাণ ৩৩৭৮৩.৩৩ কোটি টাকা- উচ্চ সুদবাহী আমানতের হার ৭২%। ব্যাংকের মুনাফা অর্জনের ক্ষেত্রে সুদবিহীন ও কম সুদবাহী আমানত বৃদ্ধি ও উচ্চ সুদবাহী আমানত হ্রাস করা প্রয়োজন।

## ২) নতুন আমানত হিসাব খোলা ঃ

( প্রকৃত সংখ্যায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাস | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ৫০০০০০ | ১২০৯০৫ | ৩১৬৬৯১ | ৬৩% |
| জুন ২০২৩ | ৫০০০০০ | ১৩১৪২৪ | ৪৪৮১১৫ | ৯০% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৯০০০০০ | ১১৫২০৭ | ১১৫২০৭ | ১৩% |
| ডিসেম্বর ২০২৩ | ৯০০০০০ | ২৬৬৩৪৬ | ৩৮১৫৫৩ | ৪২% |
| মার্চ ২০২৪ | ৯০০০০০ | ১৫৬৮৪১ | ৫৩৮৩৯৪ | ৬০% |
| জুন ২০২৪ | ৯০০০০০ | ২২০২৭১ | ৭৫৮৬৬৫ | ৮৪% |
| সেপ্টেম্বর ২০২৪ | ১০১০০০০ | ১৮০৮১৩ | ১৮০৮১৩ | ১৭.৯০% |
| ডিসেম্বর ২০২৪ | ১০১০০০০ | ২১৯০৩০ | ৩৯৯৮৪৩ | ৩৯.৫৯% |




২০২৪-২০২৫ অর্থবছরে নতুন আমানত হিসাব খোলার বার্ষিক লক্ষ্যমাত্রা ১০১০০০০ টি এর বিপরীতে ডিসেম্বর ২০২৪ ত্রৈমাস শেষে অর্জন ৩৯৯৮৪৩ টি, অর্জনের হার ৩৯.৫৯%। গত অর্থবছরের একই সময়ের তুলনায় ১৮২৯০ টি আমানত হিসাব বেশি খোলা হয়েছে।

## ৩) মোট ঋণ বিতরণ ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ১৭৫০০ | ৩৫১২.৬৯ | ১০১২৫.৯৩ | ৫৮% |
| জুন ২০২৩ | ১৭৫০০ | ৩২৯২.৬৫ | ১৩৪১৮.৫৮ | ৭৭% |
| সেপ্টেম্বর ২০২৩ | ২২২০০ | ২৭৬৫.৯৫ | ২৭৬৫.৯৫ | ১২% |
| ডিসেম্বর ২০২৩ | ২২২০০ | ৫১১২.৩২ | ৭৮৭৮.২৭ | ৩৫% |
| মার্চ ২০২৪ | ২২২০০ | ৩০৩২.৫৪ | ১০৯১০.৮১ | ৪৯% |
| জুন ২০২৪ | ২২২০০ | ৫৩০৪.১৪ | ১৬২১৪.৯৫ | ৭৩% |
| সেপ্টেম্বর ২০২৪ | ২৬৭০০ | ৩১৮৫.৫৯ | ৩১৮৫.৫৯ | ১২% |
| ডিসেম্বর ২০২৪ | ২৬৭০০ | ৫৭৮৯.০৮ | ৮৯৭৪.৬৭ | ৩৪% |





ঋণ বিতরণ ঃ কৃষি প্রধান বাংলাদেশের অর্থনীতিতে কৃষি খাতের গুরুত্ব অপরিসীম। দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার খাদ্য চাহিদা পূরণ ও খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার জন্য কৃষি খাতকে অগ্রাধিকার দিতে হবে। খাদ্য উৎপাদনে কৃষকদের আর্থিক সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংকের ভূমিকা সবচেয়ে বেশি। সে লক্ষ্যকে সামনে রেখে প্রতি বছরের ন্যায় ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ২৬৭০০ কোটি টাকা যার বিপরীতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত পুঞ্জিভূত অর্জন ৮৯৭৪.৬৭ কোটি টাকা - যা বার্ষিক লক্ষ্যমাত্রার ৩৪%।

## ৩.১) কৃষিঋণ বিতরণ ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার | মোট অর্জনে শতকরা অংশ |
|---|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ১০৩০০ | ২১২১.৫৯ | ৬০৯২.০৯ | ৫৯% | ৬০% |
| জুন ২০২৩ | ১০৩০০ | ২০৯৭.১৯ | ৮১৮৯.২৮ | ৮০% | ৬১% |
| সেপ্টেম্বর ২০২৩ | ১১০০০ | ১৭৯২.৬২ | ১৭৯২.৬২ | ১৬% | ৬৫% |
| ডিসেম্বর ২০২৩ | ১১০০০ | ২৮২৬.৯১ | ৪৬১৯.৫৩ | ৪২% | ৫৯% |
| মার্চ ২০২৪ | ১১০০০ | ১৮৮৬.৬৩ | ৬৫০৬.১৬ | ৫৯% | ৬০% |
| জুন ২০২৪ | ১১০০০ | ২৩৮৮.০৫ | ৮৮৯৪.২১ | ৮১% | ৫৫% |
| সেপ্টেম্বর ২০২৪ | ১২০০০ | ১৭৪১.৮০ | ১৭৪১.৮০ | ১৪.৫১% | ৫৫% |
| ডিসেম্বর ২০২৪ | ১২০০০ | ২৯৭৪.৭০ | ৪৭১৬.৫০ | ৩৯.৩০% | ৫২.৫৫% |





২০২৪-২০২৫ অর্থবছরের জন্য কৃষিঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১১৪০০ কোটি টাকা, যার মধ্যে শস্য (বর্গাচাষী ব্যতীত) ৬০০০ কোটি টাকা, শস্য (বর্গাচাষী) ৭০০ কোটি টাকা, মৎস্য ১৪০০ কোটি টাকা , প্রাণিসম্পদ ১৭০০ কোটি টাকা, সেচ যন্ত্রপাতি ৬০ কোটি টাকা, কৃষি যন্ত্রপাতি ১০০ কোটি টাকা, বীজ উৎপাদন ৫০ কোটি টাকা, শস্যগুদামজাত ও বাজারজাতকরণ ৪০ কোটি টাকা, দারিদ্র বিমোচন ২৫০ কোটি টাকা, অন্যান্য ১১০০ কোটি টাকা। ডিসেম্বর ২০২৪ ত্রৈমাসে অর্জন ২৯৭৪.৭০ কোটি টাকাসহ পুঞ্জিভূত অর্জন ৪৭১৬.৫০ কোটি টাকা এবং অর্জনের হার ৩৯.৩০%।

## ৩.২) সিএমএসএমই ঋণ বিতরণ ঃ


(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার | মোট অর্জনে শতকরা অংশ |
|---|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ৫০০০ | ৮১৩.৫৮ | ২৪৭১.৫৩ | ৪৯% | ২৪% |
| জুন ২০২৩ | ৫০০০ | ৯৯৫.৪৯ | ৩৪৬৭.০২ | ৬৯% | ২৬% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৮০০০ | ৮৪৪.১১ | ৮৪৪.১১ | ১১% | ৩১% |
| ডিসেম্বর ২০২৩ | ৮০০০ | ১৫৬৫.৭৬ | ২৪০৯.৮৭ | ৩০% | ৩১% |
| মার্চ ২০২৪ | ৮০০০ | ৯৭৫.৪৬ | ৩৩৮৫.৩৩ | ৪২% | ৩১% |
| জুন ২০২৪ | ৮০০০ | ১৩৪৯.৪৫ | ৪৭৩৪.৭৮ | ৫৯% | ২৯% |
| সেপ্টেম্বর ২০২৪ | ১১৫০০ | ১০১৩.১৯ | ১০১৩.১৯ | ৮.৮১% | ৩১.৮০% |
| ডিসেম্বর ২০২৪ | ১১৫০০ | ১৮২৫.৪২ | ২৮৩৮.৬১ | ২৪.৬৮% | ৩১.৬৩% |






২০২৪-২০২৫ অর্থবছরের মোট কৃষিঋণের মধ্যে শস্যখাতে ১৫১৬১.২৭ কোটি, মৎস্য খাতে ২২১৪.১১ কোটি, প্রাণিসম্পদ খাতে ৩২৯৪.৯৩ কোটি এবং অন্যান্য খাতে ৩৭২৪.৮৭ কোটি টাকা ঋণস্থিতি নির্ধারণ করা হয়েছে।





অনাদায়ী ঋণ স্থিতির ক্ষেত্রে কৃষি খাতে ২৩১৯৬.৩৩ কোটি, কৃষিভিত্তিক শিল্প খাতে ১১৯৮.৮৫ কোটি, সিএমএসএমই খাতে ৫৯৪০.৫৮ কোটি, কৃষিভিত্তিক প্রকল্প চলমান/তলবী ১২৬৬.৭৭ কোটি, গ্রিণ ব্যাংকিং খাতে ৯.৪৮ কোটি ও অন্যান্য খাতে ৩১২৯.৮৩ কোটি টাকা সহ ডিসেম্বর-২০২৪ ত্রৈমাসে পুঞ্জিভূত অনাদায়ী ঋণস্থিতি ৩৪৭৪১.৮৪ কোটি টাকা।

## ৭) শ্রেণিকৃত ঋণস্থিতি ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | শ্রেণিকৃত ঋণস্থিতির বার্ষিক লক্ষ্যমাত্রা | প্রকৃত শ্রেণিকৃত ঋণস্থিতি | অর্জন কম/বেশি |
|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ১৬০০.০০ | ৩০১৬.৭৫ | -১৪১৬.৭৫ |
| জুন ২০২৩ | ১৬০০.০০ | ২৮৮৩.৪৫ | -১২৮৩.৪৫ |
| সেপ্টেম্বর ২০২৩ | ১৫৮৮.২২ | ৩০৯২.৫১ | -১৫০৪.২৯ |
| ডিসেম্বর ২০২৩ | ১৫৮৮.২২ | ৩৯৮০.২৯ | -২৩৯২.০৭ |
| মার্চ ২০২৪ | ১৫৮৮.২২ | ৩৮৩৯.০১ | -২২৫০.৭৯ |
| জুন ২০২৪ | ১৫৮৮.২২ | ৪৩২৯.৭২ | -২৭৪১.৫০ |
| সেপ্টেম্বর ২০২৪ | ২০২৯.৭২ | ৪১৮৭.৪৫ | -২১৫৭.৭৩ |
| ডিসেম্বর ২০২৪ | ২০২৯.৭২ | ৪৯০২.০৬ | -২৮৭২.৩৪ |





৩০-০৬-২০২৫ তারিখভিত্তিক ব্যাংকের শ্রেণিকৃত ঋণস্থিতি সহনীয় পর্যায়ে নামিয়ে আনার লক্ষ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য শ্রেণিকৃত ঋণ স্থিতির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ২০২৯.৭২ কোটি টাকা। ৩০-১২-২০২৪ তারিখভিত্তিক শ্রেণিকৃত ঋণস্থিতি ৪৯০২.০৬ কোটি টাকা যা বার্ষিক শ্রেণিকৃত ঋণস্থিতি লক্ষ্যমাত্রার তুলনায় ২৮৭২.৩৪ কোটি টাকা বেশি অর্থাৎ শ্রেণিকৃত ঋণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। শ্রেণিকৃত ঋণের পরিমাণ ও হার হ্রাসকরণের জন্য শ্রেণিকৃত ঋণ আদায়, ঋণ পুনঃতফসিল, নবায়ন, সুদ মওকুফ, ঋণ অবলোপন এবং নতুনভাবে শ্রেণিকৃত হওয়া রোধ করার জন্য শ্রেণিযোগ্য ঋণ সুদসহ সম্পূর্ণ আদায় অপরিহার্য।

## ৮) বৈদেশিক রেমিট্যান্স (BEFTN ও RTGS ব্যতীত) ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাস | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভূত অর্জন (বার্ষিক) | ক্রম পুঞ্জিভূত অর্জনের হার |
|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ৫০০০ | ১৫০৬.৩১ | ৩৩৬৩.৫১ | ৬৭% |
| জুন ২০২৩ | ৫০০০ | ২৫৬০.১৯ | ৫৯২৩.৭০ | ১১৮% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৮০০০ | ১৪৮৯.৬৫ | ১৪৮৯.৬৫ | ১৯% |
| ডিসেম্বর ২০২৩ | ৮০০০ | ২২০৬.৪৯ | ৩৬৯৬.১৪ | ৪৬% |
| মার্চ ২০২৪ | ৮০০০ | ২২১২.১৫ | ৫৯০৮.২৯ | ৭৪% |
| জুন ২০২৪ | ৮০০০ | ১৮৭৭.৪৪ | ৭৭৮৫.৭৩ | ৯৭% |
| সেপ্টেম্বর ২০২৪ | ১০৫০০ | ৪০০১.৮৫ | ৪০০১.৮৫ | ৩৮.১১% |
| ডিসেম্বর ২০২৪ | ১০৫০০ | ৪১৩৮.৪৯ | ৮১৪০.৩৪ | ৭৭.৫২% |




বাংলাদেশের মতো একটি উন্নয়নশীল দেশের সার্বিক অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে ক্ষুদ্র ও মাঝারি এন্টারপ্রাইজ (এসএমই) খাতের গুরুত্ব উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। বিশ্বের অনেক দেশে প্রলম্বিত যুদ্ধাবস্থা, মূল্যস্ফীতি, বিশ্ব ও দেশীয় বাজারে ধারাবাহিকভাবে পণ্যের উচ্চমূল্যের সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব কাটিয়ে ওঠা, শ্রমিকদের কাজে বহাল রাখা, অর্থনৈতিক প্রবৃদ্ধি ধরে রাখাসহ অর্থনীতি পুনরুজ্জীবিতকরণের লক্ষ্যে সিএমএসএমই অন্যতম গুরুত্বপূর্ণ খাত। ২০২৪-২০২৫ অর্থবছরে ব্যাংকের সিএমএসএমই ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ১১৫০০ কোটি টাকার মধ্যে ডিসেম্বর ২০২৪ ত্রৈমাসে অর্জন ১৮২৫.৪২ কোটি টাকাসহ পুঞ্জিভূত অর্জন ২৮৩৮.৬১ কোটি টাকা - যা লক্ষ্যমাত্রার ২৪.৬৮%।

## ৩.৩) কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প ঋণ ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন (বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার | মোট অর্জনে শতকরা অংশ |
|---|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ১২০০ | ৬০.৯৮ | ৩৬১.৪৫ | ৩০% | ৪% |
| জুন ২০২৩ | ১২০০ | ৬০.৫৭ | ৪২২.০২ | ৩৫% | ৩% |
| সেপ্টেম্বর ২০২৩ | ২০০০ | ৫.৫২ | ৫.৫২ | ০.৩% | ০.২% |
| ডিসেম্বর ২০২৩ | ২০০০ | ৪০২.৪৮ | ৪০৮.০০ | ৩৪% | ৫% |
| মার্চ ২০২৪ | ২০০০ | ১০.২৬ | ৪১৮.২৬ | ৩৫% | ৪% |
| জুন ২০২৪ | ২০০০ | ৫৫৯.২১ | ৯৭৭.৪৭ | ৮১% | ৬% |
| সেপ্টেম্বর ২০২৪ | ৭০০ | ১১.২৪ | ১১.২৪ | ১.৬% | ০.৩৫% |
| ডিসেম্বর ২০২৪ | ৭০০ | ১৫০.২৮ | ১৬১.৫২ | ২৩% | ১.৮০% |





সাম্প্রতিক সময়ে কৃষির যান্ত্রিকীকরণ ও আধুনিকায়নের ফলে বিজ্ঞানভিত্তিক চাষাবাদের জন্য আধুনিক যন্ত্রপাতি তৈরী ও বাজারজাতকরণ, কৃষিভিত্তিক পণ্য প্রক্রিয়াকরণ শিল্প, সমন্বিত কৃষি প্রকল্পসহ কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প খাতে ঋণের চাহিদা ব্যাপকহারে বৃদ্ধি পাচ্ছে। ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৭০০ কোটি টাকার মধ্যে ডিসেম্বর ২০২৪ ত্রৈমাসে অর্জন ১৫০.২৮ কোটি টাকাসহ পুঞ্জিভূত অর্জন ১৬১.৫২ কোটি টাকা - যা লক্ষ্যমাত্রার ২৩%।

## ৪) নতুন ঋণগ্রহীতার সংখ্যা বৃদ্ধি ঃ

(জন)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রমপুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রমপুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ৩৮০০০০ | ৫২৪৪৬ | ১৪১৩৩০ | ৩৭% |
| জুন ২০২৩ | ৩৮০০০০ | ৪৪৪৯৬ | ১৮৫৮২৬ | ৪৯% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৪০০০০০ | ৪৬৭৩৫ | ৪৬৭৩৫ | ১২% |
| ডিসেম্বর ২০২৩ | ৪০০০০০ | ১৯১৩৫৫ | ২৩৮০৯০ | ৬০% |
| মার্চ ২০২৪ | ৪০০০০০ | -৭৭৪২৩ | ১৬০৬৬৭ | ৪০% |
| জুন ২০২৪ | ৪০০০০০ | ৫১৪০৪ | ২১২০৭১ | ৫৩% |
| সেপ্টেম্বর ২০২৪ | ৪০০০০০ | ৩৬৬১৬ | ৩৬৬১৬ | ৯.১৫% |
| ডিসেম্বর ২০২৪ | ৪০০০০০ | ৫৯৬০৮ | ৯৬২২৪ | ২৪.০৫% |





২০২৪-২০২৫ অর্থবছরে ব্যাংকের নতুন ঋণগ্রহীতার সংখ্যা বৃদ্ধির লক্ষ্যমাত্রা ৪০০০০০ জন। ডিসেম্বর ২০২৪ ত্রৈমাসে ৫৯৬০৮ জনসহ মোট ঋণগ্রহীতার সংখ্যা বৃদ্ধি পেয়েছে ৯৬২২৪ জন - যা লক্ষ্যমাত্রার ২৪.০৫%।

## ৫) মোট ঋণ আদায় ঃ

(কোটি টাকায়)


| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ১৫২১২.৯০ | ২৩৩৫.৯৫ | ৮৪৯৭.৮৫ | ৫৬% |
| জুন ২০২৩ | ১৫২১২.৯০ | ৩১৮৭.২১ | ১১৬৮৫.০৬ | ৭৭% |
| সেপ্টেম্বর ২০২৩ | ১৫৬৯৯.৪২ | ২২৫৪.০৯ | ২২৫৪.০৯ | ১৪% |
| ডিসেম্বর ২০২৩ | ১৫৬৯৯.৪২ | ৪৬৮০.০২ | ৬৯৩৪.১১ | ৪৪% |
| মার্চ ২০২৪ | ১৫৬৯৯.৪২ | ২১৬৪.০৯ | ৯০৯৮.২০ | ৫৮% |
| জুন ২০২৪ | ১৫৬৯৯.৪২ | ২৭৩৫.৭০ | ১১৮৩৩.৯০ | ৭৫% |
| সেপ্টেম্বর ২০২৪ | ১৭৫০০.০০ | ২১৫৫.০৫ | ২১৫৫.০৫ | ১২.৩১% |
| ডিসেম্বর ২০২৪ | ১৭৫০০.০০ | ৪৭৭৬.১৯ | ৬৯৩১.২৪ | ৩৯.৬০% |



## (৫.১) শ্রেণীকৃত ঋণ হতে আদায় ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন (বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার | মোট অর্জনে শতকরা অংশ |
|---|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ১০০০ | ১৯২.৬৪ | ৩৬৭.৫৮ | ৩৭% | ৪% |
| জুন ২০২৩ | ১০০০ | ১৪৩.৮৭ | ৫১১.৪৫ | ৫১% | ৪% |
| সেপ্টেম্বর ২০২৩ | ১৬০০ | ৯৫.৭৫ | ৯৫.৭৫ | ৬% | ৪% |
| ডিসেম্বর ২০২৩ | ১৬০০ | ১২৮.৬৬ | ২২৪.৪১ | ১৪% | ৩% |
| মার্চ ২০২৪ | ১৬০০ | ১৪১.৩৪ | ৩৬৫.৭৫ | ২৩% | ৪% |
| জুন ২০২৪ | ১৬০০ | ৩২৩.৬৬ | ৬৮৯.৪১ | ৪৩% | ৬% |
| সেপ্টেম্বর ২০২৪ | ২৩০০ | ১৪২.৭৩ | ১৪২.৭৩ | ৬.২% | ৬.৬২% |
| ডিসেম্বর ২০২৪ | ২৩০০ | ১৯৯.০০ | ৩৪১.৭৩ | ১৪.৮৫% | ৪.৯৩% |





২০২৪-২০২৫ অর্থবছরে মোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১৭৫০০ কোটি টাকার বিপরীতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত পুঞ্জিভূত আদায় ৬৯৩১.২৪ কোটি টাকা (৩৯.৬০%) । শ্রেণিকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ২৩০০ কোটি টাকার বিপরীতে ডিসেম্বর ২০২৪ ত্রৈমাসে অর্জন ১৯৯.০০ কোটি টাকাসহ পুঞ্জিভূত অর্জন ৩৪১.৭৩ কোটি টাকা - যা লক্ষ্যমাত্রার ১৪.৮৫% ।

## (৫.২) শ্রেণীকৃত ঋণ ব্যতীত আদায় ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার | মোট অর্জনে শতকরা অংশ |
|---|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ১৪২১২.৯০ | ২১৪৩.৩১ | ৮১৩০.২৭ | ৫৭% | ৯৬% |
| জুন ২০২৩ | ১৪২১২.৯০ | ৩০৪৩.৩৪ | ১১১৭৩.৬১ | ৭৯% | ৯৬% |
| সেপ্টেম্বর ২০২৩ | ১৪০৯৯.৪২ | ২১৫৮.৩৪ | ২১৫৮.৩৪ | ১৫% | ৯৬% |
| ডিসেম্বর ২০২৩ | ১৪০৯৯.৪২ | ৪৫৫১.৩৬ | ৬৭০৯.৭০ | ৪৮% | ৯৭% |
| মার্চ ২০২৪ | ১৪০৯৯.৪২ | ২০২২.৭৫ | ৮৭৩২.৪৫ | ৬২% | ৯৬% |
| জুন ২০২৪ | ১৪০৯৯.৪২ | ২৪১২.০৪ | ১১১৪৪.৪৯ | ৭৯% | ৯৪% |
| সেপ্টেম্বর ২০২৪ | ১৪০৯৯.৪২ | ২০১২.৩২ | ২০১২.৩২ | ১৪.২৭% | ৯৩.৩৭% |
| ডিসেম্বর ২০২৪ | ১৫২০০.০০ | ৪৫৭৭.১৯ | ৬৫৮৯.৫১ | ৪৩.৩৫% | ৯৫.০৭% |





২০২৪-২০২৫ অর্থবছরে মোট ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ১৭৫০০ কোটি টাকা, শ্রেণিকৃত ঋণ ব্যতীত আদায়ের লক্ষ্যমাত্রা ১৫২০০ কোটি টাকার বিপরীতে ডিসেম্বর ২০২৪ ত্রৈমাসে অর্জন ৪৫৭৭.১৯ কোটি টাকাসহ পুঞ্জিভূত অর্জন ৬৫৮৯.৫১ কোটি টাকা - যা লক্ষ্যমাত্রার ৪৩.৩৫% ।

## ৬) ঋণস্থিতি ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | পুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ৩৩০০০ | ২৩৫.৭২ | ২৮৮২৭.৪৭ | ৮৭% |
| জুন ২০২৩ | ৩৩০০০ | ১৩৯৮.৪৭ | ৩০২২৫.৯৪ | ৯২% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৪১২০০ | ১২২.৯৮ | ৩০৩৪৮.৯২ | ৭৪% |
| ডিসেম্বর ২০২৩ | ৪১২০০ | ১১৩৮.২৮ | ৩১৪৮৭.২০ | ৭৬% |
| মার্চ ২০২৪ | ৪১২০০ | -৯.২৯ | ৩১৪৭৭.৯১ | ৭৬% |
| জুন ২০২৪ | ৪১২০০ | ২৫৬৭.৮৫ | ৩৪০৪৫.৭৬ | ৮৩% |
| সেপ্টেম্বর ২০২৪ | ৪৫০০০ | -৭৩০.৮৯ | ৩৩৩১৪.৮৭ | ৭৪% |
| ডিসেম্বর ২০২৪ | ৪৫০০০ | ১৪২৬.৯৭ | ৩৪৭৪১.৮৪ | ৭৭% |





২০২৪-২০২৫ অর্থবছরে ঋণস্থিতির লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৪৫০০০ কোটি টাকা। ডিসেম্বর ২০২৪ ত্রৈমাসে অর্জন ১৪২৬.৯৭ কোটি টাকাসহ পুঞ্জিভূত অর্জন ৩৪৭৪১.৮৪ কোটি টাকা - যা লক্ষ্যমাত্রার ৭৭% ।

২০২৪-২০২৫ অর্থবছরের অবলোপনকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৫০.০০ কোটি টাকা। ডিসেম্বর ২০২৪ ত্রৈমাসে অর্জন ০.৮৪ কোটি টাকাসহ পুঞ্জিভূত অর্জন ১.০১ কোটি টাকা - যা লক্ষ্যমাত্রার ২.০২%। ডিসেম্বর ২০২৪ ত্রৈমাসিকের অর্জন গত ত্রৈমাস অপেক্ষা ০.৬৭ কোটি টাকা বেশি।

## ১২) ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তর ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ৭৫৬.৬৫ | ৬৯.৩৯ | ২২৩.৯৩ | ৩০% |
| জুন ২০২৩ | ৭৫৬.৬৫ | ৯৯.০২ | ৩২২.৯৫ | ৪৩% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৮০০ | ৭৭.৩৫ | ৭৭.৩৫ | ১০% |
| ডিসেম্বর ২০২৩ | ৮০০ | ১৩৩.৫১ | ২১০.৮৬ | ২৬% |
| মার্চ ২০২৪ | ৮০০ | ৬৭.৩১ | ২৭৮.১৭ | ৩৫% |
| জুন ২০২৪ | ৮০০ | ১৩৩.৩৯ | ৪১১.৫৬ | ৫১% |
| সেপ্টেম্বর ২০২৪ | ১০০০ | ৮৫.৪১ | ৮৫.৪১ | ৯% |
| ডিসেম্বর ২০২৪ | ১০০০ | ১২৮.৫৫ | ২১৩.৯৬ | ২১.৩৯% |





২০২৪-২০২৫ অর্থবছরের ৫২-স্থগিত সুদ আয় খাতে স্থানান্তরের লক্ষ্যমাত্রা ১০০০ কোটি টাকা। ডিসেম্বর ২০২৪ ত্রৈমাসে অর্জন ১২৮.৫৫ কোটি টাকাসহ পুঞ্জিভূত অর্জন ২১৩.৯৬ কোটি টাকা - যা লক্ষ্যমাত্রার ২১.৩৯%

## ১৩) পুনঃতফশিলকৃত ঋণ আদায় ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রমপুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রমপুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ৩৫০০.০০ | ৪৪৫.৯৯ | ১০৭০.১২ | ৩১% |
| জুন ২০২৩ | ৩৫০০.০০ | ৫৩৭.৪৯ | ১৬২৭.৬১ | ৪৭% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৪০৭২.৪৫ | ৩১৪.৮৭ | ৩১৪.৮৭ | ৮% |
| ডিসেম্বর ২০২৩ | ৪০৭২.৪৫ | ৬৩১.৩৩ | ৯৪৬.২০ | ২৩% |
| মার্চ ২০২৪ | ৪০৭২.৪৫ | ৩৭৮.০৯ | ১৩২৪.২৯ | ৩৩% |
| জুন ২০২৪ | ৪০৭২.৪৫ | ৭১৯.৯৭ | ২০৪৪.২৬ | ৫০% |
| সেপ্টেম্বর ২০২৪ | ৪০৭২.৪৫ | ৩৬৮.৪৭ | ৩৬৮.৪৭ | ৯% |
| ডিসেম্বর ২০২৪ | ৪০৭২.৪৫ | ৭৪৬.৩৮ | ১১১৪.৮৫ | ২৭.৩৭% |




২০২৪-২০২৫ অর্থবছরে পুনঃতফসিলকৃত ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৪০৭২.৪৫ কোটি টাকা। ডিসেম্বর ২০২৪ ত্রৈমাসে অর্জন ৭৪৬.৩৮ কোটি টাকাসহ পুঞ্জিভূত অর্জন ১১১৪.৮৫ কোটি টাকা - যা লক্ষ্যমাত্রার ২৭.৩৭%

## ১৪। অন্যান্য ঃ


ব্যাংকের অন্যান্য ব্যবসায়িক লক্ষ্যমাত্রার মধ্যে রয়েছে ৪% রেয়াতি সুদে আমদানি বিকল্প শস্য যেমন ডাল, তেলবীজ, মসলা ও ভুট্টা খাতে ঋণ বিতরণ এবং Ancillary Business থেকে আয়। ২০২৪-২০২৫ অর্থবছরে ৪% রেয়াতি হার সুদে আমদানি বিকল্প ঋণের ক্ষেত্রে লক্ষ্যমাত্রা ১১৪.০০ কোটি টাকা এবং ডিসেম্বর ২০২৪ ত্রৈমাসে পুঞ্জিভূত অর্জন ২৪.১৮ কোটি টাকা - যা লক্ষ্যমাত্রার ২১.২১%। ২০২৪-২০২৫ অর্থবছরে Anciliary Business থেকে ডিসেম্বর ২০২৪ শেষে পুঞ্জিভূত অর্জন ১৫৯.৮১ কোটি টাকা।

২০২৪-২০২৫ অর্থবছরে বৈদেশিক রেমিট্যান্স আহরণের বার্ষিক লক্ষ্যমাত্রা ১০৫০০ কোটি টাকার বিপরীতে ডিসেম্বর ২০২৪ ত্রৈমাসে অর্জন ৪১৩৮.৪৯ কোটি টাকাসহ পুঞ্জিভূত অর্জন ৮১৪০.৩৪ কোটি টাকা - যা লক্ষ্যমাত্রার ৭৭.৫২% । এই অর্জন গত অর্থবছরের একই সময় হতে ৫৯৩২ কোটি টাকা বেশি।

## ০৯) আমদানি ব্যবসা ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ২৫০০ | ১০৫১.৬০ | ৩১০৭.১৭ | ১২৪% |
| জুন ২০২৩ | ২৫০০ | ২৪২৮.৪২ | ৫৫৩৫.৫৯ | ২২১% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৮০০০ | ১৫৮৮.৮৬ | ১৫৮৮.৮৬ | ২০% |
| ডিসেম্বর ২০২৩ | ৮০০০ | ৩০৬০.০০ | ৪৬৪৮.৮৬ | ৫৮% |
| মার্চ ২০২৪ | ৮০০০ | ২৫৭১.৩৯ | ৭২২০.২৫ | ৯০% |
| জুন ২০২৪ | ৮০০০ | ৮৩৫.২৩ | ৮০৫৫.৪৮ | ১০১% |
| সেপ্টেম্বর ২০২৪ | ৮৫০০ | ১০৭৬.০৩ | ১০৭৬.০৩ | ১২.৬৫% |
| ডিসেম্বর ২০২৪ | ৮৫০০ | ৪১৯৪.১৩ | ৫২৭০.১৬ | ৬২% |





২০২৪-২০২৫ অর্থবছরে আমদানি ব্যবসার লক্ষ্যমাত্রা ৮৫০০ কোটি টাকা । ডিসেম্বর ২০২৪ ত্রৈমাসে অর্জন ৪১৯৪.১৩ কোটি টাকাসহ পুঞ্জিভুত অর্জন ৫২৭০.১৬ কোটি টাকা - যা লক্ষ্যমাত্রার ৬২% ।

## ১০) রপ্তানি ব্যবসা ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ১৫০০ | ২৪৮.১১ | ৭৩৮.০৯ | ৪৯% |
| জুন ২০২৩ | ১৫০০ | ২৪০.৫০ | ৯৭৮.৫৯ | ৬৫% |
| সেপ্টেম্বর ২০২৩ | ২০০০ | ২৫১.৮৬ | ২৫১.৮৬ | ১৩% |
| ডিসেম্বর ২০২৩ | ২০০০ | ৩১২.৫৫ | ৫৬৪.৪১ | ২৮% |
| মার্চ ২০২৪ | ২০০০ | ২৬২.২৫ | ৮২৬.৬৬ | ৪১% |
| জুন ২০২৪ | ২০০০ | ২৫০.৯১ | ১০৭৭.৫৭ | ৫৪% |
| সেপ্টেম্বর ২০২৪ | ২০০০ | ২৪১.৫৫ | ২৪১.৫৫ | ১২% |
| ডিসেম্বর ২০২৪ | ২০০০ | ৩৩৩.১২ | ৫৭৪.৬৭ | ২৮.৭৩% |





২০২৪-২০২৫ অর্থবছরে রপ্তানি ব্যবসার লক্ষ্যমাত্রা ২০০০ কোটি টাকা। ডিসেম্বর ২০২৪ ত্রৈমাসে অর্জন ৩৩৩.১২ কোটি টাকাসহ পুঞ্জিভূত অর্জন ৫৭৪.৬৭ কোটি টাকা - যা লক্ষ্যমাত্রার ২৮.৭৩% ।

## ১১) অবলোপনকৃত ঋণ আদায় ঃ

(কোটি টাকায়)

| প্রতিবেদনাধীন ত্রৈমাসের নাম | বার্ষিক লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট ত্রৈমাসিকে অর্জন | ক্রম পুঞ্জিভুত অর্জন(বার্ষিক) | ক্রম পুঞ্জিভুত অর্জনের হার |
|---|---|---|---|---|
| মার্চ ২০২৩ | ৫০.০০ | ০.৫৯ | ৩.৩৫ | ৭% |
| জুন ২০২৩ | ৫০.০০ | ০.৬৬ | ৪.০১ | ৮% |
| সেপ্টেম্বর ২০২৩ | ৫০.০০ | ০.৬৯ | ০.৬৯ | ১% |
| ডিসেম্বর ২০২৩ | ৫০.০০ | ০.৭০ | ১.৩৯ | ৩% |
| মার্চ ২০২৪ | ৫০.০০ | ০.৪৭ | ১.৮৬ | ৪% |
| জুন ২০২৪ | ৫০.০০ | ০.৭৩ | ২.৫৯ | ৫% |
| সেপ্টেম্বর ২০২৪ | ৫০.০০ | ০.১৭ | ০.১৭ | ০.৩৪% |
| ডিসেম্বর ২০২৪ | ৫০.০০ | ০.৮৪ | ১.০১ | ২.০২% |



**বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক প্রতিশ্রুত উল্লেখযোগ্য সেবাসমূহ -**

১। আমানত সংগ্রহ ঃ সঞ্চয়ী, চলতি, এসএনডি, স্কুল ব্যাংকিংসহ বিভিন্ন স্কীম হিসাব ও সঞ্চয় প্রকল্প, স্থায়ী আমানত (এফডিআর), এফআইডি এর আওতায় আমানত, কৃষক আমানত ইত্যাদি হিসাবে আমানত গ্রহণ করা হয় ।

২। রেমিট্যান্স/ অর্থ স্থানান্তর ঃ প্রবাসীদের বাংলাদেশে অর্থ প্রেরণ (ইনওয়ার্ড ফরেন রেমিট্যান্স), আউটওয়ার্ড ফরেন রেমিট্যান্স ইত্যাদি ।

৩। ব্যাংক গ্যারান্টি ঃ চাহিদা মোতাবেক বিভিন্ন মানের ব্যাংক গ্যারান্টি ইস্যু করা হয় ।

৪। লকার সুবিধা ঃ কয়েকটি জেলা শহরে নির্বাচিত বিকেবি শাখায় লকার সুবিধা রয়েছে ।

৫। বৈদেশিক বিনিময় বাণিজ্য ঃ আমদানি ও রপ্তানিকারকদের এলসি ও ব্যাক টু ব্যাক এলসি খোলা, এডি শাখার মাধ্যমে বৈদেশিক মুদ্রার ক্রয়-বিক্রয়, পাসপোর্ট এন্ডোর্সমেন্ট ইত্যাদি।


৬। তথ্য প্রযুক্তি সেবা ঃ ওয়ান স্টপ ব্যাংকিং সার্ভিস, চার্জ ফ্রি অনলাইন ব্যাংকিং, চার্জ ফি RTGS, এটিএম ও পস মেশিন সার্ভিস, এসএমএস ব্যাংকিং, ইন্টারনেট ব্যাংকিং, অনলাইন সিআইবি, অটোমেটেড আইআরএস, BACH, EFTN, SWIFT ইত্যাদি।

৭। ঋণ কার্যক্রম ঃ বিভিন্ন মেয়াদি কৃষিঋণ (শস্য, মৎস্য, প্রাণিসম্পদ, সেচ ও কৃষি যন্ত্রপাতি, দারিদ্র বিমোচন, শস্য গুদাম ও বাজারজাতকরণ, কৃষিঋণের আওতায় চলমান ঋণ)।

অকৃষি ঋণ ঃ এসএমই, চলতি মূলধন, গ্রিন ব্যাংকিংয়ের আওতায় ঋণ, কৃষিভিত্তিক শিল্প/প্রকল্প, রপ্তানি ঋণ, মেয়াদি আমানত ও বিভিন্ন স্কীম হিসাবের বিপরীতে ঋণ ।

৮। ক্রেডিট কার্ড ও পার্সোনাল লোন সুবিধা।

৯। সরকারের পক্ষে প্রদত্ত সেবাসমূহ ঃ ই-চালান, পেনশন-ভাতা ও শিক্ষা উপবৃত্তি প্রদান, ইউটিলিটি বিল গ্রহণ, প্রাইজবন্ড ও লটারি টিকেট বিক্রয়, ভ্যাট ও উৎসে কর আদায় ইত্যাদি।



# বাংলাদেশ কৃষি ব্যাংক

## রাষ্ট্র মালিকানাধীন সর্ববৃহৎ বিশেষায়িত ব্যাংক

গবেষণা ও পরিসংখ্যান বিভাগ কর্তৃক সম্পাদিত




আন্তর্জাতিক অভিবাসী দিবস ও জাতীয় প্রবাসী দিবস উপলক্ষে ১৮ ডিসেম্বর ২০২৪ তারিখে ওসমানী স্মৃতি মিলনায়তনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে বাংলাদেশ কৃষি ব্যাংকের মাননীয় ব্যবস্থাপনা পরিচালক জনাব সঞ্চিয়াা বিনতে আলী রেমিট্যান্স অ্যাওয়ার্ড ২০২৪ গ্রহণ করেন।



২৯ অক্টোবর ২০২৪ তারিখে ব্যাংকের বোর্ডরুমে সকল মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, কর্পোরেট শাখা ব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকদের অংশগ্রহণে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।



০৬ অক্টোবর ২০২৪ তারিখে ব্যাংকের স্টাফ কলেজ মিলনায়তনে ২০২৪-২৫ অর্থবছরের ব্যাচ নম্বর ০৩ ও ০৪ এর কর্মকর্তা (ক্যাশ) ও কর্মকর্তাগণের বুনিয়াদী প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানের স্থিরচিত্র।